**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:27-06–2024**
**Time: 07.35–07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Agri Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, রাজ্য সরকার রাজ্যে বিভিন্ন সময়ে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ কৃষকদের আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত নিয়্ছে। গতকাল মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে কৃষিমন্ত্রী জানান, রাজ্যে ৮১ হাজার ৩০১ জন কৃষক ২৩ কোটি ২১ লক্ষ টাকারও বেশি এই ক্ষতিপূরণ পাবেন। ডিবিডি–র মাধ্যমে এই টাকা কৃষকদের একাউন্টে ঢুকবে। এব্যাপারে আগামী চৌঠা জুলাই দক্ষিণ জেলার জোলাইবাড়িতে এক অনুষ্ঠানের মাধ্যমে এই টাকা তুলে দেয়া হবে। কৃষিমন্ত্রী বলেন, SDRF অর্থাৎ স্টেট ডিজাস্টর রেসপন্স ফান্ড এবং প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনায় কৃষকদের এই ক্ষতিপূরণ দেওয়া হবে। তিনি জানান, গত বছর ১৬, ১৭, ১৮ই নভেম্বর দুর্যোগে রাজ্যের ৫৮ হাজার ২১০ জন ধান চাষী ক্ষতিগ্রস্থ হয়েছেন। ২৩ হাজার ১৭১ হেক্টর জমির ফসল নষ্ট হয়েছে, এতে ক্ষতিপূরণ বাবদ মেটানো হবে ১৪ কোটি ৫৮ লক্ষ ৯৪ হাজার টাকা।

****************************

**Governor :**

গতকাল নয়াদিল্লিতে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, রাসায়ণিক ও সার মন্ত্রী জে পি নাড্ডা'র সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাত করেন

ত্রিপুরার রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******************************

**Finance Minister-TB :**

রাজ্যে স্বাস্থ্য ব্যবস্থাকে ঢেলে সাজাতে সরকার অগ্রাধিকার দিয়ে কাজ করছে। জেলা, মহকুমা ও পঞ্চায়েতস্তরে উন্নত স্বাস্থ্য পরিষেবা সম্প্রসারণে উদ্যোগ নেওয়া হয়েছে। সকলের জন্য স্বাস্থ্য পরিষেবা সুনিশ্চিত করতে মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার মতো প্রকল্প চালু করা হয়েছে। গতকাল উদয়পুরের রাজর্ষি হলে জেলাভিত্তিক টিবি মুক্ত গ্রামপঞ্চায়েত সম্বর্ধনা অনুষ্ঠানের উদ্বোধন করে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় একথা বলেন। অর্থমন্ত্রী বলেন, দেশকে টিবি মুক্ত করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি টিবি মুক্ত ভারত অভিযান শুরু করেছিলেন। অনুষ্ঠানে অর্থমন্ত্রী দুজন টিবি রোগীর হাতে পোষণ কিট তুলে দেন। জেলার ৮টি ব্লকের ৬০টি টিবি মুক্ত গ্রামপঞ্চায়েতকে সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক অভিষেক দেবরায় ও উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতলচন্দ্র মজুমদার প্রমুখ।

***************************

**Sector Officer/Training :**

আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে ঊনকোটি জেলাতে প্রশাসনিক প্রস্তুতিপর্ব চলছে। গতকাল কৈলাশহর সার্কিট হাউসের কনফারেন্স হলে সেক্টর অফিসারদের প্রশিক্ষণ পর্ব অনুষ্ঠিত হয়েছে। মোট 36 জন সেক্টর অফিসার প্রশিক্ষণ গ্রহণ করেন। উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, অতিরিক্ত জেলা শাসকদ্বয় দশরথ দেববর্মা ও

অর্ঘ্য সাহা, বরিষ্ঠ উপ-সমাহর্তা বিজয় সিনহা প্রমুখ। বিভিন্ন ব্লকের B.D.O রাও এতে অংশ নেন।

*****************************

**OM Birla-loksabha speaker :**

অষ্টাদশ লোকসভার অধ্যক্ষ নির্বাচিত হলেন প্রবীণ বিজেপি সাংসদ ওম বিড়লা। গতকাল ধ্বনিভোটে লোকসভার অধ্যক্ষ নির্বাচিত হয়েছেন তিনি। ওম বিড়লার কাছে হেরে গেলেন বিরোধীদের প্রার্থী তথা কংগ্রেস সাংসদ কে সুরেশ।

অধ্যক্ষ ওম বিড়লাকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, লোকসভায় বিরোধী দলনেতা রাহুল গান্ধী ও সংসদীয় মন্ত্রী কিরণ রিজিজু।

*******************************

**Special Lok Adalat of Supreme Court :**

সুপ্রিমকোর্টের বিশেষ লোক আদালত-সপ্তাহে রাজ্যের ৩৪টি মামলা শুনানির জন্য নেওয়া হয়েছে। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী গতকাল জানিয়েছেন, সুপ্রিম কোর্ট আগামী ২৯শে জুলাই থেকে তেসরা আগস্ট পর্যন্ত বিশেষ লোক আদালত সপ্তাহের আয়োজন করছে। রাজ্যের মামলাগুলির চূড়ান্ত শুনানির আগে শীর্ষ আদালতের নির্দেশে ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষ গত মঙ্গলবার থেকে লোক আদালত বসার আগেই বিবাদ মীমাংসায় দুই পক্ষের মধ্যে আলোচনা প্রক্রিয়া শুরু হয়েছে। আগামী ১০ই জুলাই পর্যন্ত এই প্রক্রিয়া চলবে। শ্রীমতি চৌধুরী জানান, প্রয়োজনে ভিডিও

কনফারেন্সের মাধ্যমেও বিবদমান পক্ষ-ভুক্তদের মধ্যে আলোচনামূলক শুনানিতে অংশ গ্রহনের সুবিধা থাকবে।

**********************

**Inauguration Sabroom :**

প্রানী সম্পদ বিকাশ দপ্তর ও তপশিলি জাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী শুধাংশু দাস গতকাল সাব্রুম প্রানী চিকিৎসালয়ের নবনির্মিত ভবনের এবং সাব্রুম মহকুমার থাইবুং গ্রাম পঞ্চায়েতের ১ নং হরিনা হাই স্কুলে শ্যামল ছায়া - নামের একটি ৫০ শয্যার তপশিলি জাতি ছাত্রীনিবাসের উদ্বোধন করেন। সাব্রুম নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রমা পোদ্দার দে, প্রাক্তন বিধায়ক শংকর রায় প্রমুখ দুইটি অনুষ্ঠানে উপস্হিত ছিলেন।

**************************

**DG Amitabha Ranjan message :**

আন্তর্জাতিক মাদকবিরোধী দিবস ও অবৈধ পাচার বিরোধী দিবসে এক বার্তায় গতকাল রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন বলেন, ত্রিপুরা পুলিশ নেশার কারবার ধ্বংস করতে নিরলস প্রয়াস চালিয়ে যাচ্ছে। তিনি জানান, গত বছরে মে থেকে এই বছরের মে মাস পর্যন্ত রাজ্যে পুলিশ ৪৬ হাজার কিলো গাঁজা, তিন লক্ষ বোতল কফ সিরাপ, ৭৭ লক্ষ নেশার ট্যাবলেট, ১৩ কিলো হেরোইন বাজেয়াপ্ত করেছে। এছাড়া ধংস করা হয়েছে ৭০ লক্ষ গাজার চারা। এই সংক্রাত ৭০৪ টি মামলা বিভিন্ন থানায় নথিভুক্ত হয়েছে। গ্রেপ্তার হয়েছেন ১ হাজার ২৬৬ জন। পুলিশ মহানির্দেশক আরও জানান, রাজ্যের মানুষের সক্রিয় এবং অবিরাম সহযোগিতা ছাড়া এই সাফল্য সম্ভব ছিল না।

*************************

**Coming Grandmaster Tejas :**

রাজ্যের দাবাড়ুদের প্রশিক্ষণ দিতে আজ আসছেন গ্র্যান্ডমাস্টার তেজস বাকরে। ২৮ জুন থেকে চার দিন প্রশিক্ষণ দেবেন তিনি। রাজ্য দাবা সংস্থার অফিসে হবে প্রশিক্ষণ শিবির। রাজ্য দাবা সংস্থার সচিব প্রদীপ রায় এখবর জানান।

******************************

**State wise cricket :**

রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের প্লেট গ্রুপের দুটি সেমিফাইনাল আজ পুনরায় হবে। গতকাল ম্যাচ দুটি বৃষ্টিতে পরিত্যক্ত হয়। মেলাঘরে আয়োজিত সেমিফাইনালে তেলিয়ামুড়া ও বিলোনীয়া এবং শান্তিরবাজারে অপর সেমিফাইনালে আমবাসা ও জিরানীয়া মুখোমুখি হবে। ২৮ জুন আসরের ফাইনাল খেলাটি হবে।

*****************************

**Weather :**

আবহাওয়ার পুর্বাভাসে জানানো হয়েছে, রাজ্যে আকাশ প্রধানত মেঘলা থাকবে। বিভিন্ন এলাকায় বজ্র সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রী ও সর্বনিম্ন তাপমাত্রা ২৬ ডিগ্রী সেলসিয়াস থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৬ ডিগ্রী সেলসিয়াস। সকাল সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমান ছিল ২৪.৪ মিলিমিটার। গোমতি, সিপাহীজলা, পশ্চিম জেলা, খোয়াই ও ধলাই জেলাতে কিছু এলাকায় মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

********************************